গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
www.bhurungamari.kurigram.gov.bd

বিষয় : শেখ রাসেল দিবস ২০২২ উদযাপন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।
সভাপতি : দীপক কুমার দেব শর্মা, উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম কুড়িগ্রাম।
সভার তারিখ ও সময় : ১৩ অক্টোবর ২০২২ বেলা ঃ ১২.৩০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট হাজিরা বহিতে সংরক্ষিত রয়েছে)

সভায় উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। ১৮ অক্টোবর ২০২২ "শেখ রাসেল দিবস ২০২২" উদযাপন ও করণীয় সংক্রান্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা'র শেখ রাসেল দিবস উদযাপন নীতিমালা ২০২২ ও মাঠ পর্যায়ে করণীয় নির্দেশনা সভায় উপস্থাপন করা হয়। সভাপতি সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন, ১৮ অক্টোবর ২০২২ তারিখ জাতীয়ভাবে দেশব্যাপী বর্ণাঢ্য আয়োজনে "শেখ রাসেল নির্মলতার প্রতীক দুরন্ত প্রাণবন্ত নির্ভীক" প্রতিপাদ্যে ২য় বার শেখ রাসেল দিবস উদযাপন করা হবে। ১৮ অক্টোবর ২০২২ তারিখে দিবসটি এ উপজেলায় পালনে সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও সর্বাত্মক সহযোগিতা কামনা করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে দিবসটি পালনের লক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত কর্মসূচি আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়:

কর্মসূচি ঃ

<table>
<tr><th>ক্র. নং</th><th>তারিখ ও সময়</th><th>কর্মসূচির বিবরণ</th><th>স্থান</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১</td><td>১৮ অক্টোবর ২০২২<br>বেলা ৯.০০ ঘটিকা</td><td>শেখ রাসেল-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ</td><td>উপজেলা পরিষদ চত্বর</td><td>১) উপজেলা প্রশাসন<br>২) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।</td></tr>
<tr><td>২</td><td>১৮ অক্টোবর ২০২২<br>বেলা ৯.৩০ ঘটিকা</td><td>বর্ণাঢ্য র‍্যালী আয়োজন</td><td>উপজেলা পরিষদ চত্বর থেকে শুরু</td><td>১) উপজেলা প্রশাসন<br>২) সকল কর্মকর্তা ও কর্মচারী<br>৩) সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান</td></tr>
<tr><td>৩</td><td>১৮ অক্টোবর ২০২২<br>বেলা ১০.০০ ঘটিকা</td><td>শেখ রাসেল দিবস কেন্দ্রীয় মূল অনুষ্ঠান প্রজেক্টরের মাধ্যমে সরাসরি সম্প্রচার</td><td>উপজেলা পরিষদ অডিটোরিয়াম</td><td>চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ</td></tr>
<tr><td>৪</td><td>১৮ অক্টোবর ২০২২<br>বেলা ১১.০০ ঘটিকা</td><td>দিবস উপলক্ষ্যে বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন ঃ দিবসটি উপলক্ষ্যে সভায় নিম্নরূপ প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে আলোচনা হয়।
<table>
<tr><th>প্রতিযোগিতার ধরণ</th><th>বিষয়</th><th>টার্গেটেড গ্রুপ</th></tr>
<tr><td>উপস্থিত বক্তৃতা/আবৃত্তি</td><td>প্রতিপাদ্য নির্ভর</td><td>৮-১২ বছর</td></tr>
<tr><td>চিত্রাঙ্কন</td><td>আমার তুলিতে শেখ রাসেল</td><td>৮-১২ বছর</td></tr>
<tr><td>প্রেজেন্টেশন প্রস্তুত</td><td>প্রিয় শেখ রাসেল</td><td>১৩-১৮ বছর</td></tr>
<tr><td>কুইজ প্রতিযোগিতা</td><td>আইসিটি বিষয়ক</td><td>১৩-১৮ বছর</td></tr>
<tr><td>শ্রেষ্ঠ ল্যাব নির্বাচন (১ম,২য় ও ৩য়)</td><td>শ্রেষ্ঠ প্রতিষ্ঠানকে পুরস্কার</td><td>স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব</td></tr>
</table></td><td>উপজেলা পরিষদ অডিটোরিয়াম</td><td>১) উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম<br>২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম<br>৩) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম<br>৪) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম</td></tr>
<tr><td>৫</td><td>১৮ অক্টোবর ২০২২<br>বেলা ১২.০০ ঘটিকা</td><td>আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান</td><td>উপজেলা পরিষদ অডিটোরিয়াম</td><td>১) উপজেলা প্রশাসন<br>২) উপজেলা শিল্পকলা একাডেমি, ভূরুঙ্গামারী</td></tr>
<tr><td>৬</td><td>১৮ অক্টোবর ২০২২<br>বেলা ১২.৩০ ঘটিকা</td><td>পুরস্কার বিতরণী</td><td>উপজেলা পরিষদ অডিটোরিয়াম</td><td>উপজেলা প্রশাসন</td></tr>
</table>

"শেখ রাসেল দিবস-২০২২" উদযাপনের লক্ষ্যে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১) দিবসটি উপলক্ষ্যে প্রচার ও ব্রান্ডিং এর জন্য নির্মিত থিম সংগীত, অডিও-ভিজ্যুয়াল, পোস্টার, লিফলেট ইত্যাদিসহ বর্তমান সরকারের সাফল্য তুলেধরা/উপস্থাপন করার জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

২) দিবসটি উপলক্ষ্যে সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনলাইন ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

৩) ১৮ অক্টোবর ২০২২ তারিখ সকাল ১০.০০ টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন এ শেখ রাসেল দিবসের কেন্দ্রীয় মুল অনুষ্ঠান ইউনিয়ন পর্যায়ে সরাসরি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) কে অনুরোধ করা হয়।

৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে "প্রিয় শেখ রাসেল" শীর্ষক প্রেজেন্টেশন (টার্গেটেড গ্রুপ: ১৩-১৮ বছর বয়স) প্রস্তুত প্রতিযোগিতার জন্য স্লাইড (প্রত্যেক অংশগ্রহণকারীর (৬-৮টি স্লাইড) ৩ (তিন) জন প্রতিযোগীর তালিকা ও সংশ্লিষ্ট স্লাইড আগামী ১৬/১০/২০২২ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। (নির্বাচিত প্রতিযোগীদেরকে ১৮ অক্টোবর ২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিতকরণসহ)।

৫) উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী কুড়িগ্রামকে সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটি উপলক্ষ্যে আলোচনা সভা/সেমিনার আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়।

৬) উপজেলা শিক্ষা অফিসার ও জনাব মোঃ জাকির হোসেন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে আমার তুলিতে শেখ রাসেল বিষয়ক চিত্রাঙ্কন ও উপস্থিত বক্তৃতা/আবৃত্তি প্রতিযোগিতা ১৮ অক্টোবর ২০২২ তারিখ সম্পন্ন করে বিজয়ীদের (১ম, ২য় ও ৩য়) তালিকা এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।

৭) উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা সমবায় অফিসার ও উপজেলা যুব উন্নয়ন অফিসার ভূরুঙ্গামারী কুড়িগ্রামকে কুইজ প্রতিযোগিতা ১৮ অক্টোবর ২০২২ তারিখ সম্পন্ন করে বিজয়ীদের (১ম, ২য় ও ৩য়) তালিকা এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।

৮) উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা মৎস্য অফিসার ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভূরুঙ্গামারী কুড়িগ্রামকে শ্রেষ্ঠ ল্যাব নির্বাচন সম্পন্ন করে বিজয়ীদের (১ম, ২য় ও ৩য়) তালিকা ১৮ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।

৯) "শেখ রাসেল দিবস ২০২২" উপলক্ষ্যে গৃহীত কর্মসূচিসমূহ ব্যাপক প্রচারণার জন্য ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সদস্যদেরকে অনুরোধ করা হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(দীপক কুমার দেব শর্মা)
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম
মোবাইল ঃ ০১৭৭৪৪৩৪২৫৩
ই-মেইল ঃ unobhurungamari@mopa.gov.bd


CamScanner